তারিখ ... 11 FEB 1991
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ২ ...

দৈনিক বাংলা

# আনোয়ারা মনসুর শিশু একাডেমীর চেয়ারম্যান নিযুক্ত

বিশিষ্ট শিক্ষাবিদ ডঃ কাজী আনোয়ারা মনসুর বাংলাদেশ শিশু একাডেমীর চেয়ারম্যান পদে যোগদান করেছেন।

ডঃ আনোয়ারা মনসুর ১৯২৩ সালে জন্মগ্রহণ করেন। তাঁর জীবনের অধিকাংশ সময় তিনি শিশুদের কল্যাণে ব্যয় করেন। একজন বিশিষ্ট শিক্ষাবিদ হিসাবে দেশে তাঁর যথেষ্ট খ্যাতি রয়েছে। তিনি ঢাকার অগ্রণী বালিকা বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা প্রধান শিক্ষিকা। এছাড়া তিনি বিভিন্ন সময়ে বিদ্যাময়ী হাইস্কুল, কামরুন্নেসা স্কুল এবং ভিকারুননেসা স্কুলের শিক্ষিকা ছিলেন। ১৯৮৮ সালে তিনি সেরা শিক্ষক হিসাবে পুরস্কার লাভ করেন। খবর প্রেস বিজ্ঞপ্তির।

4